তারিখ ...26 JUN 2016...
পৃষ্ঠা ...২... কলাম ...২......

দৈনিক
আমাদের সময়

# বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শুধু মার্কেট-বেইজড শিক্ষা দেওয়া হচ্ছে

নিজস্ব প্রতিবেদক ● দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোয় শুধু ভালো 'মার্কেট-বেইজড' শিক্ষা দেওয়া হচ্ছে। সৃজনশীল বিষয় না পড়ানোয় শিক্ষার্থীরা পাস করলেও তাদের মধ্যে সৃজনশীলতা তৈরি হচ্ছে না। গতকাল রাজধানীর একটি হোটেলে 'জাতীয় উন্নয়নে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর অবদান, সুযোগ ও চ্যালেঞ্জ' শীর্ষক এক গোলটেবিল বৈঠকে বক্তারা এমন মত দেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক সাদেকা হালিম বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর নিজস্ব ক্যাম্পাস নেই। ভর্তি পরীক্ষা নেই। টাকা থাকলেই সেখানে ভর্তি হওয়া যায়। বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের মধ্যে কোনো বৈচিত্র্য নেই।